# 24th ASEAN-India Senior Officials’ Meeting

June 15, 2022

---

# 24 তম আসিয়ান-ভারত উচ্চপদস্থ আধিকারিকদের বৈঠক

জুন 15, 2022

15 ই জুন 2022 তারিখে শ্রী সৌরভ কুমার, সচিব (পূর্ব) এবং সিঙ্গাপুরের স্থায়ী সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার আলবার্ট চুয়ার যৌথ পৌরোহিত্যে 24 তম আসিয়ান-ভারত উচ্চপদস্থ আধিকারিকদের বৈঠক নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে আসিয়ান সদস্য দেশগুলির উচ্চপদস্থ আধিকারিকদের অংশগ্রহণ করতে দেখা গেছে।

2. এসওএম, আসিয়ান-ভারত কৌশলগত অংশীদারিত্ব এবং ভবিষ্যতের অভিমুখের পর্যালোচনা করেছে। যেহেতু ভারত এবং আসিয়ান তাদের সংলাপ সম্পর্কের 30তম বার্ষিকী উদযাপন করছে এসওম নেতৃবৃন্দ, রাজনৈতিক-নিরাপত্তা, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক সামাজিক এই সকল তিনটি স্তম্ভের অধীনে সহযোগিতার অগ্রগতির উপরে তাদের মূল্যায়ন করেছেন।বৈঠকে আসিয়ান-ভারত প্ল্যান অব অ্যাকশন (2021-2022) এর আরও বাস্তবায়নের পদক্ষেপগুলির কথাও বলা হয়েছে। দুই পক্ষ কোভিড-19 এবং অতিমারীর পরে পুনরুদ্ধার সহ পারষ্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে মত বিনিময়ও করেছে।

3. সচিব (পূর্ব), সিঙ্গাপুরকে কান্ট্রি কোঅর্ডিনেটর হিসেবে আসিয়ান-ভারত সম্পর্ককে শক্তিশালী করার জন্য ধারাবাহিক সমর্থন ও ইতিবাচক অবদানের জন্য স্বাগত জানিয়েছেন। ইন্দো-পেসিফিক অঞ্চলের ভারতের দৃষ্টিভঙ্গিতে আসিয়ানের কেন্দ্রীয়তাকে বিশেষ ভাবে উল্লেখ করে তিনি আসিয়ান-ভারত কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করার জন্য ইন্দো-পেসিফিক (এওআইপি)-এর উপরে আসিয়ানের দৃষ্টিভঙ্গির উপরে সহযোগিতায় আসিয়ান-ভারত যৌথ বক্তব্যকে বাস্তবায়িত করার উপরে জোরারোপ করেছেন। আসিয়ান পক্ষ এই অঞ্চলে আসিয়ান এবং আসিয়ানের নেতৃত্বাধীন স্থাপত্যে ভারতের সমর্থনকে প্রশংসা করেছে।

4. দুই পক্ষ আসিয়ান-ভারত অংশীদারিত্বের 30 তম বার্ষিকী পালনে 2022 সালকে আসিয়ান-ভারত মৈত্রীর বছর হিসেবে চিহ্নিত করার জন্য বাৎসরিক ক্রিয়াকলাপ সম্বন্ধেও অবহিত হয়েছে। ভারত এবং আসিয়ানের মধ্যে দৃঢ় ঐতিহাসিক এবং সাংস্কৃতিক বন্ধন, চতুর্থ দশকে প্রবেশ করা আসিয়ান-ভারত অংশীদারিত্বকে শক্ত ভিত প্রদান করে চলেছে।

নিউ দিল্লি

জুন 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.